

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিৎ

বিভিন্ন অপরাধে ২২টি প্রতিষ্ঠানকে ১,৪৩ লক্ষ টাকা জরিমানা

২১ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্থীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, পাবনা, নারায়ণগঞ্জ, যশোর, খুলনা, ময়মনসিংহ, নওগাঁ ও নড়াইলে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় মেয়াদ উত্তীর্ণ ওষধ বিক্রয়ে অপরাধে সিদ্ধিকী মেডিক্যাল সেটারকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও ওজনে কারচুপির অপরাধে মুসলিম সুইটস এন্ড বেকারীকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে নিউ পূরবী হোটেল এন্ড রেস্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৩৫,০০০/- (পাঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এস এম মাসুম-উদ দৌল্যার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ থানায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৪৫,০০০/- (পাঁয়তাঙ্গিশ হাজার) টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ময়মনসিংহের যুক্তাগাছা উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পেনের হাজার) টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর রাণীনগর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা এবং নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট ১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা এবং ভেজাল পণ্য বা ওষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৮টি বাজার তদারকির মাধ্যমে ২২টি প্রতিষ্ঠানকে মোট ১,৪৩,০০০/- (এক লক্ষ তেতাঙ্গিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী ও খুলনা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, পাবনা, নারায়ণগঞ্জ, যশোর, খুলনা, ময়মনসিংহ, নওগাঁ এবং নড়াইল।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, পাবনা, নারায়ণগঞ্জ, যশোর, খুলনা, ময়মনসিংহ, নওগাঁ এবং নড়াইল।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।